

💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৪৪০

বদান্যতা, কৃপণতা ও চারিত্রিক দোষ-ক্রটি

পরিচ্ছেদঃ ২০৪- যে ব্যক্তি ব্যাখ্যা সাপেক্ষে অপরকে বললো, হে মুনাফিক।

بَابُ مَنْ قَالَ لآخَرَ: يَا مُنَافِقُ، فِي تَأْوِيلِ تَأُوَّلُهُ

আরবী

حَدَّثَنَا مُوسَى، قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ، قَالَ: حَدَّثَنَا حُصَيْنٌ، عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ، عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السُّلَمِيِّ قَالَ: سَمِعْتُ عَلِيًّا رَضِيَ اللَّهُ عَنْهُ يَقُولُ: بَعَثَنِي النَّبِيُّ صلى الله عليه وسلم وَالزُّبَيْرَ بْنَ الْعَوَّامِ، وَكِلاَنَا فَارِسٌ، فَقَالَ: انْطَلِقُوا حَتَّى تَبْلُغُوا رَوْضَةَ كَذَا وَبِهَا امْرَأَةٌ مَعَهَا كِتَابٌ مِنْ حَاطِبٍ إِلَى الْمُشْرِكِينَ، فَأْتُونِي بِهَا، فَوَافَيْنَاهَا تَسِيرُ عَلَى بَعِيرٍ لَهَا حَيْثُ وَصَفَ لَنَا النَّبِيُّ صلى الله عليه وسلم، فَقُلْنَا: الْكِتَابُ الَّذِي مَعَك؟ عَلَى بَعِيرٍ لَهَا حَيْثُ وَصَفَ لَنَا النَّبِيُّ صلى الله عليه وسلم، فَقُلْنَا: الْكِتَابُ الَّذِي مَعَك؟ طلى الله عليه وسلم، وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَأُجَرِّدَنَكِ أَوْ لَتُخْرِجِنَّهُ، فَقُلْتَا: مَا كَذَبَ النَّبِيُّ صلى الله عليه وسلم، وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَأُجَرِّدَنَكِ أَوْ لَتُخْرِجِنَّهُ، فَقُلْتَ عَمَا كَذَبَ النَّبِيُ حُمْزَتِهَا وَعَلَيْهَا إِزَارٌ صُوفٌ، فَأَخْرَجَتْ، فَقَالَ صَاحِبِي: مَا أَرْى، فَقُلْتَ عَمَا إِلَى حَجْزَتِهَا وَعَلَيْهَا إِزَارٌ صُوفٌ، فَأَخْرَجَتْ، فَقَالَ النَّبِيَّ صلى الله عليه وسلم، فَقَالَ عُمَرُ عَلَى النَّهِ وَلَالَ عُمَرُ وَلَا اللَّهُ وَلَلْهُ وَلَلْهُ وَلَالًا اللَّهُ اطَلَعَ إِلَيْهِمْ فَقَالَ: اعْمُولُ الْمَعْمِولِ الله وَلَا عَمْرَ وَقَالَ: مَا عَمَلُوا مَا شِئْتُمْ فَقَدْ وَجَبَتْ لَكُمُ الْجَنَّةُ وَلَالًا عُمْرَ وَقَالَ: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ.

বাংলা

880। আলী (রাঃ) বলেন, মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে ও যুবাইর ইবনুল আওয়ামকে পাঠালেন। আমরা দুজনই ছিলাম ঘোড়সওয়ার। তিনি বলেনঃ "তোমরা রওয়ানা হয়ে অমুক অমুক রওদায় (বাগানে) গিয়ে পৌছবে। সেখানে এক নারীকে পাবে। তার সাথে একটি চিঠি আছে যা হাতেব মুশরিকদের লিখেছে। তোমরা সেই পত্র উদ্ধার করে আমার নিকট নিয়ে আসবে"। আমরা পথ চলতে লাগলাম এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দেয়া তথ্য মোতাবেক সেই নারীকে পেয়ে গেলাম। সে তার উটে করে যাচ্ছিল। আমরা বললাম, তোমার সাথের চিঠি কোথায়? সে বললো, আমার সাথে কোন চিঠি নাই। আমরা তাকে এবং তার



উট তল্লাশী করলাম। আমার সাথী বললো, আমি তো (চিঠি) দেখি না। আমি বললাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম মিথ্যা বলেননি। আল্লাহর শপথ! হয় তুমি পত্র বের করে দিবে, নতুবা আমি তোমাকে উলঙ্গ করবো। তখন সে তার কোমরের দিকে তার হাত বাড়ালো।

সে একটি পশমী কাপড় পরিহিত ছিল। সে চিঠি বের করলো। আমি তা নিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএর নিকট ফিরে এলাম। উমার (রাঃ) বললেন, এই ব্যক্তি (হাতিব) আল্লাহ, তার রাসূল এবং মুসলিম জাতির সাথে
বিশ্বাসঘাতকতা করেছে। আমাকে তাকে হত্যা করার অনুমতি দিন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস
করলেনঃ তুমি কেন এটা করলে? হাতিব বললেন, আল্লাহর উপর আমার ঈমান ঠিক আছে। আমি ইচ্ছা করলাম
যে তাদের উপর আমার একটু অনুগ্রহ থাকুক। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ সে ঠিক বলেছে। হে
উমার! সে কি বদরের যুদ্ধে অংশগ্রহণ করেনি। এজন্যই হয়তো আল্লাহ তাদের সম্পর্কে বলেছেন, "তোমরা যা
ইচ্ছা তাই করো, তোমাদের জন্য জান্নাত অবধারিত হয়ে গেছে"। এ কথায় উমার (রাঃ)-এর চক্ষুদ্বয় অশ্রুসজল
হয়ে গেলো এবং তিনি বলেন, আল্লাহ এবং তার রাসূলই অধিক জ্ঞাত (বুখারী, মুসলিম, আবু দাউদ)

English

'Ali said. "The Prophet, may Allah bless him and grant him peace, sent for me and az-Zubayr ibn al-'Awwam while we were both on horseback and said, 'Go to such-and-such a meadow. There is a woman there who has a letter with her from Hatib to the idolaters. Bring her to me.' We found her rising along on one of her camels as the Prophet, may Allah bless him and grant him peace, had described her. We said, '[Give us] the letter you have with you.' 'I do not have any letter,' she replied. We searched and her camel. My companion said, 'I do not see it.' I said, 'The Prophet, may Allah bless him and grant him peace, does not lie. By the One in whose hand my soul is, I will strip her unless she produces it!' She put her hand in the knot of her shawl - as she was wearing a black shawl - and brought it out. We went back to the Prophet, may Allah bless him and grant him peace. 'Umar exclaimed, 'He (i.e. Hatim) has betrayed Allah, His Messenger, and the believers! Let me strike off his head!' He asked, 'What made you do it?' Hatim said, 'I believe in Allah, but I want to have some authority with the people.' He said, ;He has spoken the truth, 'Umar. Was he not present at Badr? Perhaps Allah has looked on them and said, "Do whatever you like. The Garden is guaranteed for you."' 'Umar wept and said, 'Allah and His Messenger know best.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন